গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজসেবা অধিদফতর
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর
dss.rangpurdiv.gov.bd

রংপুর বিভাগের উপপরিচালকগণের অংশগ্রহণে অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ মাসের মাসিক (জুম প্লাটফর্মে) সমন্বয় সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	মোছাঃ জিলুফা সুলতানা পরিচালক (উপসচিব) বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর।
তারিখ	:	১৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ রোজ সোমবার
সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
সদস্যগণের উপস্থিতির স্বাক্ষর	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভা সঞ্চালনার জন্য অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুরকে অনুরোধ জানান। সভাপতির নির্দেশক্রমে অতিরিক্ত পরিচালক গত সভার সিদ্ধান্তসমূহ ও কর্মসূচীভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির তথ্য সভায় উপস্থাপন করেন।

আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা ও পর্যালোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>গত সভার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা/অলোচনা</th><th>সভার গৃহীত সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>০১</td><td>০২</td><td>০৩</td><td>০৪</td><td>০৫</td></tr>
<tr><td>০১</td><td>গত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন</td><td>গত ২৫ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী স্মারক নম্বর- ৭৮৮(২০); তারিখ: ০২/০৯/২০২৬ খ্রিস্টাব্দ মোতাবেক সকলের নিকট প্রেরণ করা হয়েছে। অদ্যকার সভায় কার্যবিবরণী পাঠ করে শোনানো হয়। কার্যবিবরণীতে আপত্তি বা সংশোধনী আলোচনা সাপেক্ষে অনুমোদনের প্রস্তাব করা হয়।</td><td>কার্যবিবরণীতে আপত্তিসমূহ সংশোধনীপূর্বক সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।</td><td>উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।</td></tr>
<tr><td>০২</td><td>বিদ্যমান জনবল পর্যালোচনা</td><td>আগস্ট/২০২৬ খ্রিস্টাব্দ মাস পর্যন্ত সংগৃহীত তথ্য মোতাবেক রংপুর বিভাগের সকল ইউনিটের গ্রেড ভিত্তিক বিদ্যমান জনবলের তথ্য নিম্নরূপ-
<table>
<tr><th>পদ ক্রম</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত পদ সংখ্যা</th><th>শূন্য পদ সংখ্যা</th></tr>
<tr><td>১-৯ম গ্রেড</td><td>১২৬</td><td>৮৫</td><td>৪১</td></tr>
<tr><td>১০ম গ্রেড</td><td>৮১</td><td>২৯</td><td>৫২</td></tr>
<tr><td>১১-১৬ গ্রেড</td><td>৬৭৬</td><td>৫৮৫</td><td>৯১</td></tr>
<tr><td>১৭-২০ গ্রেড</td><td>৪৩৮</td><td>১৯৩</td><td>২৪৫</td></tr>
<tr><td>রংপুর বিভাগে মোট</td><td>১৩২০</td><td>৮৯২</td><td>৪২৮</td></tr>
</table>
শূন্য পদ পূরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। রংপুর বিভাগের বিভিন্ন কার্যালয়/প্রতিষ্ঠানে সংযুক্তিতে নিয়োজিত কর্মকর্তা ও কর্মচারীদের যৌক্তিকতা বিবেচনাপূর্বক সংযুক্তি আদেশ বাতিল বা সংশোধনের উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন।</td><td>২.১) শূন্য পদ পূরণের প্রস্তাব সমাজসেবা অধিদপ্তর ও বিভাগীয় সমাজসেবা কার্যালয়ে প্রতি মাসে প্রেরণ অব্যাহত রাখতে হবে।
২.২) যে সকল জেলায় উপজেলা পর্যায়ে উপজেলা সমাজসেবা অফিসার পদ শূন্য রয়েছে তদস্থলে সহকারী সমাজসেবা অফিসারকে অতিরিক্ত দায়িত্ব প্রদান করে উপজেলার স্বাভাবিক কাজ সচল রাখতে হবে।
২.৩) প্রত্যেক জেলার সংযুক্তিতে নিয়োজিত কর্মচারীদের বদলী ও পুনঃবিন্যাসের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপপরিচালক স্ব স্ব অধিক্ষেত্রের মধ্যে ব্যবস্থা গ্রহণ করবেন।</td><td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।</td></tr>
</table>

<table>
<tr>
<td>০৩</td>
<td>ক্যান্সার, কিডনি কর্মসূচির ২০২৬-২০২৭ অর্থ বিতরণ সংক্রান্তঃ</td>
<td>আগামী ২০২৬-২৭ অর্থবছরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, প্যারালাইসিস, হৃদরোগ, লিউকেমিয়া এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত ব্যক্তিদের আর্থিক সহায়তা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ (সংশোধিত) অনুসরনপূর্বক কার্যক্রম পরিচালনা করার বিষয়ে আলোচনা হয়। ২০২৬-২৭ অর্থবছরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, প্যারালাইসিস, হৃদরোগ, লিউকেমিয়া এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত ব্যক্তিদের আর্থিক সহায়তা কার্যক্রম এর বরাদ্দ সংযুক্ত করা হলো।</td>
<td>আগামী ২০২৬-২৭ অর্থবছরে ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, প্যারালাইসিস, হৃদরোগ, লিউকেমিয়া এবং থ্যালাসেমিয়ায় আক্রান্ত ব্যক্তিদের আর্থিক সহায়তা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা, ২০২৬ (সংশোধিত) অনুযায়ী বিতরণ সম্পন্ন করে যথারতি বিভাগীয় অফিসে প্রতিবেদন প্রেরণ করতে হবে।</td>
<td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।</td>
</tr>
<tr>
<td>০৪</td>
<td>বেসরকারি এতিমখানায় ক্যাপিটেশন গ্র্যান্ট বরাদ্দ বিতরণ। ২০২৬-২৭ অর্থ বছরের সুপারিশপত্র প্রেরণ।</td>
<td>২০২৬-২৭ অর্থবছরের নিবন্ধিত বেসরকারি এমিতখানার ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্তির জন্য সুপারিশপত্র অত্র কার্যালয়ের স্মারক নম্বর- ৬১৯; তারিখ: ১৪/০৭/২০২৬ খ্রিস্টাব্দ যোগে পৃষ্টাংকন করা হয়েছে। পত্রের বিষয়ে সভায় আলোচনা করা হয়। ৩১ আগস্ট ২০২৬ তারিখের মধ্যে অনলাইন আবেদন সম্পন্ন করতে হবে। এ বিষয়ে উপস্থিত সদস্যবৃন্দ অনুরুপ মতামত ব্যক্ত করেন।</td>
<td>যেসব জেলা ৩১ শে আগষ্ট ২০২৬ খ্রিষ্টাব্দ এর মধ্যে ২০২৬-২৭ অর্থবছরের জন্য অনলাইন আবেদন যথাসময়ে সম্পন্ন হয়নি। সেসব জেলাকে দ্রুত কাজ সম্পন্ন করে অনলাইন এন্ট্রি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।</td>
<td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।</td>
</tr>
<tr>
<td>০৫</td>
<td>সমাজসেবা অধিদপ্তর এর আগস্ট/২০২৬ খ্রি. সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।</td>
<td>৫.১) বয়স্কভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের পে-রোল প্রেরণ।
<table>
<tr><th rowspan="2">জেলার নাম</th><th colspan="4">বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি</th></tr>
<tr><th>মোট উপকারভোগীর সংখ্যা</th><th>পে-রোল প্রেরণ সংখ্যা</th><th>অবশিষ্ট পে-রোল প্রেরণ সংখ্যা</th><th>পে-রোল এর হার</th></tr>
<tr><td>রংপুর</td><td>৩২৬৭৮১</td><td>৩১৫১৩৮</td><td>১১৬৪৩</td><td>৯৬</td></tr>
<tr><td>দিনাজপুর</td><td>৩২৫৬৭২</td><td>৩২০১৫২</td><td>৫৫২০</td><td>৯৮</td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>৩৩৭৪০৯</td><td>৩০১০০০</td><td>৩৬৪০৯</td><td>৮৯</td></tr>
<tr><td>কুড়িগ্রাম</td><td>২৮৯৭৬০</td><td>২৮১৫০১</td><td>৮২৫৯</td><td>৯৭</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>২৫২১৭৭</td><td>১৮৯০২২</td><td>৬৩১৫৫</td><td>৭৪</td></tr>
<tr><td>নীলফামারী</td><td>১৮০০৮৭</td><td>১৭৬৮৭৯</td><td>৩২০৮</td><td>৯৮</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>১৫১৩১৩</td><td>১৪৮৬০৯</td><td>২৭০৪</td><td>৯৮</td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>৯৮৫২৩</td><td>৯৭০০৭</td><td>১৫১৬</td><td>৯৮</td></tr>
<tr><td>মোট=</td><td>১৯৬১৭২২</td><td>১৮২৯৩০৮</td><td>১৩২৪১৪</td><td>৯৩</td></tr>
</table>
৫.২) অন্যান্য ভাতা, বিশেষ ভাতা এবং শিক্ষা উপবৃত্তি কার্যক্রমের পে-রোল প্রেরণ তথ্য যথা সময়ে সম্পন্ন করে প্রতিবেদন প্রেরণ করতে হবে।
<table>
<tr><th rowspan="2">জেলার নাম</th><th colspan="4">দলিত ও অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও দলিত ও অনগ্রসর জনগোষ্ঠীর শিক্ষা উপবৃত্তি এবং হিজড়া জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও হিজড়া জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তি এবং বেদে জনগোষ্ঠীর বিশেষ ভাতা ও বেদে জনগোষ্ঠীর বিশেষ শিক্ষা উপবৃত্তি</th></tr>
<tr><th>মোট উপকারভোগীর সংখ্যা</th><th>পে-রোল প্রেরণ সংখ্যা</th><th>অবশিষ্ট পে-রোল</th><th>পে-রোল এর হার</th></tr>
<tr><td>রংপুর</td><td>২৬৪৬</td><td>১৮২৪</td><td>৮২২</td><td>৬৮</td></tr>
<tr><td>দিনাজপুর</td><td>৩২১১</td><td>২৪৮৩</td><td>৭২৮</td><td>৭৭</td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>২৮৯১</td><td>৯৭৯</td><td>১৯১২</td><td>৩৩</td></tr>
<tr><td>কুড়িগ্রাম</td><td>৩৪৬৫</td><td>৩০৭০</td><td>৩৯৫</td><td>৮৮</td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>৩১৮৬</td><td>২৩১৯</td><td>৮৬৭</td><td>৭</td></tr>
<tr><td>নীলফামারী</td><td>৯৯৭</td><td>৮০০</td><td>১৯৭</td><td>৮০</td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>১৭৫৩</td><td>১৫০২</td><td>২৫১</td><td>৮৫</td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>১২৯৯</td><td>১০৬১</td><td>২৩৮</td><td>৮১</td></tr>
<tr><td>মোট=</td><td>১৯৪৪৮</td><td>১৪০৩৮</td><td>৫৪১০</td><td>৭২</td></tr>
</table>
</td>
<td>৫.১.১) উপকারভোগীদের মোবাইল হিসাব নম্বর পরিবর্তনের ক্ষেত্রে আবশ্যিকভাবে যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সংশ্লিষ্ট জেলার উপপরিচালকগণকে অবগত করতে হবে।
৫.১.২) ২০২৬-২৭ অর্থবছরে সকল ইউনিটে শতভাগ পে-রোল প্রেরণের সিদ্ধান্ত হয়।
৫.১.৩) প্রত্যেক জেলার উপপরিচালক সংশ্লিষ্ট জেলার মাসিক সমন্বয় সভায় বিষয়গুলো আলোচনা করবেন এবং সভার কার্যপত্র ও সিদ্ধান্তের অগ্রগতি প্রতিবেদন প্রত্যেক মাসের ১৮ তারিখের মধ্যে বিভাগীয় সমাজসেবা কার্যালয় প্রেরণ করবেন। সুবিধা প্রত্যাশীদের অনলাইন আবেদনের জন্য প্রচারণার ব্যবস্থা করার সিদ্ধান্ত হয়। এ সংক্রান্ত ব্যয় বরাদ্দ প্রধান কার্যালয় হতে যথাসময়ে প্রদান করা হবে মর্মে জানা যায়।</td>
<td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।</td>
</tr>
</table>

৫.৩)চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় নগদ অর্থ সহায়তা-

জেলার নাম	**উপজেলার নাম**	**চা-শ্রমিকের সংখ্যা**	পে-রোল প্রেরণের সংখ্যা	অবশিস্ট পে-রোল	পে-রোল এর হার
লালমনিরহাট	হাতীবান্ধা	২৩৩	১৬৩	৭০	৬৯.৯৫
ঠাকুরগাঁও	বালিয়াডাঙ্গী	৫৩৪	৫১৩	২১	৯৬.০৬
	সদর	৫০	২৪	২৬	৪৮
পঞ্চগড়	সদর	১৩৭৭	-	১৩৭৭	০
	তেঁতুলিয়া	৯৮৭	-	৯৮৭	০
	আটোয়ারী	২৯৯	২৯৭	২	৯৯.৩৩
	মোট=	৩৪৮০	৯৯৭	২৪৮৩	২৮.৬৪

৫.৪) চা-শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় এককালীন অনুদান G2P পদ্ধতিতে উপকারভোগীদের বিতরণ সম্পন্ন করতে হবে। এ সংক্রান্ত প্রতিবেদন বিভাগীয় অফিসে প্রেরণ করতে হবে।

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, লালমনিরহাট/ ঠাকুরগাঁও/ পঞ্চগড়।

৫.৪) আরএসএস কার্যক্রমের সেপ্টেম্বর/২০২৬ মাসের বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ জেলাওয়ারী অগ্রগতি বিষয়ে আলোচনা করা হয়।

ক) আরএসএস : (সংযুক্ত ০১)

আরএসএস প্রকল্প গ্রামসমূহ পরিদর্শনকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়।

৫.৪.১) পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) বাস্তবায়ন নীতিমালা ৫.৫ ধারার উপধারা ২ এর আলোকে জেলার সহকারী পরিচালকগণ জেলায় প্রতি মাসে কমপক্ষে ০২ (দুই) টি উপজেলার ঋণ কার্যক্রমভূক্ত প্রকল্প গ্রামে পরিদর্শন করে উপপরিচালকগণের নিকট প্রতিবেদন দাখিল করবেন এবং এর অনুলিপি প্রতি মাসের পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে বিভাগীয় সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫.৪.২) পল্লী সমাজসেবা কার্যক্রম (আরএসএস) এর অবিনিয়োগকৃত অর্থ দ্রুত বিনিয়োগ করে বিভাগীয় কার্যালয়ে প্রতিবেদন দিতে হবে।

৫.৪.৩) প্রত্যেক জেলা হতে একটি উপজেলার ২টা প্রকল্প গ্রাম নির্বাচন করে বিভাগীয় সমাজসেবা কার্যালয়ে রিপোর্ট প্রেরণ করতে হবে। এ ক্ষেত্রে ইউনিয়ন/গ্রাম নির্বাচন, প্রকল্প গ্রাম জরিপ, লক্ষ্যভূক্ত পরিবার নির্বাচন, দলগঠন, গ্রাম কমিটি গঠন, আবেদন গ্রহণ ও প্রাথমিক সুপারিশ যাচাই ও ইউপিআইসি কর্তৃক চূড়ান্ত অনুমোদন, পুঁজি বিতরণ ও ২মাস পর আদায় শুরু, সার্ভিস চার্জসহ আদায় ও ব্যাংকে জমা আরএসএস সুদমুক্ত ক্ষুদ্রঋণের প্রত্যেকটি ধাপ যথাযথভাবে অনুসরণ করা হয়েছে কিনা তা পর্যালোচনা

উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।

		খ) আরএমসি : (সংযুক্ত ০২) গ) দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন খাত : দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন খাত : (সংযুক্ত ০৩)	করতে হবে এবং সুস্পষ্ট মতামতসহ প্রতি ০৩ মাস পর পর পর্যালোচনা প্রতিবেদন প্রেরণ করতে হবে। ৫.৪.৪) পল্লী মাতৃকেন্দ্র কার্যক্রম (আরএমসি) এর অবিনিয়োগকৃত অর্থ দ্রুত বিনিয়োগ করতে হবে। ৫.৪.৫) দগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন খাতের অবিনিয়োগকৃত অর্থ দ্রুত বিনিয়োগ করতে হবে এবং অনাদায়ী অর্থ আদায়ের প্রক্রিয়া চালাতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।
০৬.	ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত আলেচনা	ভিক্ষুক পুনর্বাসন: ভিক্ষাবৃত্তি নিরসন ও ভিক্ষুক পুনর্বাসন সংক্রান্ত তথ্যাদি (২০২৫-২৬ অর্থবছরে) জেলা ভিত্তিক আলোচনা করা হয়। (সংযুক্ত ০৪)	৬.১) ২০২৫-২৬ অর্থবছরের ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রমের বরাদ্দকৃত অর্থ সকল জেলার উপপরিচালকগণ নীতিমালা মোতাবেক জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে উপজেলা ওয়ারী বরাদ্দ বিভাজন করবেন। বরাদ্দ বিভাজনের অনুমোদিত তালিকা পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর এ প্রেরণ করতে হবে। ৬.২) নিয়মিত প্রতিবেদন প্রেরণসহ পুনর্বাসিত ভিক্ষুকদের ফলোআপ করতে হবে। ৬.৩) প্রত্যেক জেলায় পুনর্বাসিত ভিক্ষুকদের একটি তালিকা পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর এ প্রেরণ করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়(সকল), রংপুর বিভাগ, রংপুর
০৭	অডিট সংক্রান্ত আলোচনা	অভ্যন্তরীন অডিট কার্যক্রম সম্পন্ন করার লক্ষ্যে স্মারক নম্বর-৬৫৫ তারিখ: ২৬ জুলাই ২০২৬ পত্রে যে কমিটি গঠন করা হয়েছে, সে কমিটি কর্তৃক অভ্যন্তরীন অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য আলোচন করা হয়। SFI ও Non SFI অডিট আপত্তির ব্রডসিট জবাব প্রদানের বিষয়ে আলোচনা করা হয়। তিনটি জেলা ১) দিনাজপুর, ২)নীলফামারী, ৩)লালমনিরহাট, ৪) কুড়িগ্রাম হতে জবাব পাওয়া যায়।	বিভাগীয় সমাজসেবা কার্যালয় কর্তৃক গঠিত কমিটির মাধ্যমে যথাসময়ে অডিট কার্যক্রম সম্পূর্ণ করে প্রতিবেদন দেওয়ার সিদ্ধান্ত হয়। পঞ্চগড়, ঠাকুরগাঁও, রংপুর, গাইবান্ধা জেলার *অডিট আপত্তির প্রতিবেদন/* ব্রডশীট জবাব প্রেরণ করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।
০৮	এপিপি সংক্রান্ত আলেনাচনা	বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুতের লক্ষ্যে আলোচনা করা হয়। ইতোমধ্যে কুড়িগ্রাম, লালমনিরহাট ও দিনাজপুর এর বার্ষিক ক্রয় পরিকল্পনা পাওয়া গেছে। বাকিদের প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়। এছাড়াও ইউনিট অফিসসমূহ সংশ্লিষ্ট উর্দ্বতন কর্মকর্তার নিকট এপিপি অনুমোদন গ্রহণ করতে হবে।	বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রস্তুতপূর্বক উর্ধ্বতন অফিস হতে অনুমোদনপূর্বক বার্ষিক ক্রয় কার্যক্রম পরিচালনা করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।

<table>
<tr><td>০৯</td><td>ইজিপি সংক্রান্ত আলোচনা</td><td>সমাজসেবা অধিদপ্তর, ঢাকার স্মারক নম্বর-৪১.০১.০০০০.০০০.০০৭. ০৭.০০২০. ২৫.৪৯৫; তারিখ: ২৭/০৭/২০২৬ খ্রিস্টাব্দ অনুযায়ী ফরমপূরণ বিষয়ে আলোচনা করা হয়।</td><td>সমাজসেবা অধিদপ্তর এর সিদ্ধান্ত মোতাবেক সকল ইউনিটের আইডি খোলার সিদ্ধান্ত গ্রহণ করা হয়।</td><td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।</td></tr>
<tr><td>১০</td><td>ফ্যামেলি কার্ড কর্মসূচী</td><td>ফ্যামেলি কার্ড কর্মসূচীর তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ বিষয়ে আলোচনা হয়।
<table>
<tr><th>জেলার নাম</th><th>পরিবার/ খানার সংখ্যা</th><th>অনুমোদন কৃত তথ্য সংগ্রহকারী পদের সংখ্যা</th><th>তথ্য সংগ্রহকারী পদে প্রাপ্ত আবেদন সংখ্যা</th><th>অনুমোদনকৃত সুপার ভাইজারের পদের সংখ্যা</th><th>সুপার ভাইজারের পদে প্রাপ্ত আবেদন সংখ্যা</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>রংপুর</td><td>৮৯০৬৯১</td><td>১৩৫৩</td><td>১২৮৮১</td><td>১৩৫</td><td>২১২৯</td><td></td></tr>
<tr><td>গাইবান্ধা</td><td>৬৮০৭৭৪</td><td>৯৭২</td><td>১১৭৫২</td><td>১০১</td><td>১৫৭৪</td><td></td></tr>
<tr><td>লালমনিরহাট</td><td>৩৬৯৪২৩</td><td>৫৪১</td><td>৫৫০৫</td><td>৪৯</td><td>৮৭০</td><td></td></tr>
<tr><td>কুড়িগ্রাম</td><td>৬৫২৭৬৮</td><td>৯৫২</td><td>৮৭০৯</td><td>৮৭</td><td>১২১৬</td><td></td></tr>
<tr><td>নীলফামারী</td><td>৫৪৭০৯৪</td><td>৮০৪</td><td>৭০৪৪</td><td>৭৩</td><td>৯৫৯</td><td></td></tr>
<tr><td>পঞ্চগড়</td><td>৩১৫৯৯৫</td><td>৪৮৭</td><td>৪০৬২</td><td>৪৪</td><td>৪৮৯</td><td></td></tr>
<tr><td>ঠাকুরগাঁও</td><td>৪৩৫৫১৭</td><td>৬৪১</td><td>৫৭৭৮</td><td>৫৮</td><td>৫৩৯</td><td></td></tr>
<tr><td>দিনাজপুর</td><td>৮৯৪৬৩৬</td><td>১৩২৪</td><td>৭১৬৯</td><td>১২১</td><td>১১৮৪</td><td></td></tr>
<tr><td>সর্বমোট=</td><td>৪৭৮৬৮৯৮</td><td>৭০৭৪</td><td>৬২৯০০</td><td>৬৬৮</td><td>৮৯৬০</td><td></td></tr>
</table></td><td>তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার নিয়োগ সংক্রান্ত বিষয়সহ ফ্যামিলি কার্ডের সার্বিক কার্যক্রম মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী যথাযথভাবে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে। সমাজকল্যাণ মন্ত্রণালয়, ফ্যামিলি কার্ড কর্মসূচী শাখার পত্র স্মারক নম্বর: ৭৮০; তারিখ: ০৮ অক্টোবর ২০২৬ পত্রের নির্দেশনা মোতাবেক রংপুর বিভাগের ০৮ টি জেলার সংশ্লিষ্ট ইউনিটসমূহে তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজারগণের প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে মাঠ পর্যায়ে বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহের কাজ চলমান রয়েছে।</td><td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।</td></tr>
<tr><td>১১</td><td>বিবিধ</td><td>১) ওয়েব পোর্টাল, GEMS এবং HRMS সফটওয়্যার হালনাগাদ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়াও যে কোন জেলা আকর্ষিক যাচাই করা হবে। এ বিষয়ে আলোচনা করা হয়। এছাড়া ডিজিটাল উপস্থিতির বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।</td><td>যে কোন জেলা আকস্মিক যাচাই করা হবে। ওয়েব পোর্টাল, GEMS এবং HRMS সফটওয়্যার নিয়মিত হালনাগাদ করে প্রতিবেদন প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। শুদ্ধাচার সংক্রান্ত কমিটির সভা নিয়মিত সম্পন্ন করে সভার কার্যবিবরণী বিভাগীয় অফিসে প্রেরণ করতে হবে। প্রত্যেক অফিসে কর্মকর্তা ও কর্মচারীদের দৈনন্দিন রিপোর্ট করার ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট অফিস প্রধানকে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।</td></tr>
<tr><td></td><td></td><td>২) প্রত্যেক জেলার উপপরিচালকগণ সংশ্লিষ্ট জেলার প্রান্তিক জনগোষ্ঠির উৎপাদিত উপকরণাদি প্রদর্শনের জন্য একটি করে ডিসপ্লে সেন্টার স্থাপনের যথাযথ প্রক্রিয়া অনুসরণপূর্বক উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়।</td><td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর এবং উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা</td><td>উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়,</td></tr>
</table>

			কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর উভয়ে সমন্বয়ের মাধ্যমে আগামী সভায় অত্র জেলার ডিসপ্লে সেন্টারের সার্বিক পরিস্থিতি তুলে ধরার সিদ্ধান্ত হয়। প্রান্তিক জনগোষ্ঠীর প্রস্তুতকৃত পন্য বিক্রয়ের শো-রুম নির্মানের প্রাক্কলন ও বরাদ্দের জন্য সদর দপ্তরে চাহিদা পাঠানোর সিদ্ধান্ত গৃহীত হয়।	রংপুর।
		৩) রোগী কল্যাণ সমিতি সংক্রান্ত বিস্তারিত আলোচনা করা হয়। এছাড়াও রোগী কল্যাণ সমিতির অব্যয়িত অর্থ যথাযথভাবে ব্যয়ের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। (সংযুক্ত)	প্রত্যেক উপজেলা রোগী কল্যাণ সমিতির বরাদ্দকৃত অর্থ যথা নিয়মে ব্যয় করতে হবে এবং এ সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী মাসের ১ম সপ্তাহের মধ্যে বিভাগীয় কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং রোগী কল্যঅণ সমিতির কার্যকরী কমিটি হালনাগাদ করে তা সংশ্লিষ্ট রেজিষ্ট্রেশন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদন করে নেয়ার ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট ইউনিট অফিসারগণকে তাগিদ প্রদান করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।
		৪) মন্ত্রিপরিষদ বিভাগের ২৭ আগস্ট, ২০১৮ খ্রি. স্মারক নম্বর ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.১৮-৮৮এর প্রজ্ঞাপন (ঘ) অনুযায়ী সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেলা ব্যবস্থাপনা কমিটির প্রতি দুই মাসে একটি সভা আয়োজন করার নির্দেশনা রয়েছে। সামাজিক নিরাপত্তা সংক্রান্ত জেলা ব্যবস্থাপনা কমিটির জেলাওয়ারী সর্বশেষ সভা অনুষ্ঠানের তথ্য ও সভার কার্যবিবরণী প্রাপ্তির তথ্য নিম্নরুপ -	প্রতি দুই মাস অন্তর জেলা ব্যবস্থাপনা কমিটির সভা অনুষ্ঠানের নির্দেশনা রয়েছে। নির্দেশনা মোতাবেক সকল জেলায় জেলা কমিটির নিয়মিত সভা আয়োজনের ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সভার কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।
		৫) রংপুর বিভাগের প্রতিষ্ঠানসমূহের বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২৬ সম্পন্নকরন।	রংপুর বিভাগের প্রতিষ্ঠানসমূহের অভ্যন্তরীন বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা/২০২৬ আগামী ২১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে সম্পন্ন করে বিভাগীয় কার্যালয়কে তালিকা প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।

জেলা	সর্বশেষ সভা তারিখ
দিনাজপুর	১৭/০৫/২০২৬
পঞ্চগড়	১৬/০৬/২০২৬
রংপুর	২১/০৯/২০২৫
নীলফামারী	১৭/০৮/২০২৫
লালমনিরহাট	২১/০৯/২০২৫
ঠাকুরগাঁও	১৫/০৬/২০২৬
গাইবান্ধা	১২/০২/২০২৫
কুড়িগ্রাম	১৪/০৬/২০২৬

সভায় উপরোল্লিখিত আলোচনা হয়।

		৬) মাসিক সমন্বয় সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর এ প্রেরণ বিষয়ে আলোচনা করা হয়।	সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন নিয়মিত যথাসময়ে প্রেরণ করতে হবে।	উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল), রংপুর বিভাগ, রংপুর।

পরিশেষে, সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১০/২৫

(মোছা: জিলুফা সুলতানা)
পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর
ও
সভাপতি
মাসিক সমন্বয় সভা
ফোন নং- ০২৫৮৮৮০৯১২৮
ই-মেইল# dir.rangpurdiv@dss.gov.bd

২৮/১০/২৫

স্মারক নম্বর- ৪১.২৭.৮৫০০.০০০.০৬.০০১.১৯. ১৫২ (২২) তারিখঃ ২৮/১০/২০২৬ খ্রি:

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে -

০১. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
০৩. বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০৪. পরিচালক (প্রশাসন ও অর্থ/কার্যক্রম/প্রতিষ্ঠান/সামাজিক নিরাপত্তা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৫. অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০৬. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা), সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, ঢাকা।
০৭. উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
০৮. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, রংপুর/দিনাজপুর/গাইবান্ধা/লালমনিরহাট/কুড়িগ্রাম/নীলফামারী/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
০৯. সহকারী পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর।
১০. অধ্যক্ষ, আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, রংপুর।
১১. সংরক্ষণ।

* সংশ্লিষ্ট সকলকে আগামী ০৫ নভেম্বর ২০২৬ খ্রি. এর মধ্যে সমন্বয় সভার সিদ্ধান্তের আলোকে গৃহীত কার্যক্রম ও অগ্রগতির প্রতিবেদন (নিকোশ ফন্টে ও হার্ড কপি) বিভাগীয় সমাজসেবা কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর এ প্রেরণ করার নিমিত্তে অনুরোধ করা হলো।

২৮/১০/২৫

পরিচালক (উপসচিব)
বিভাগীয় সমাজসেবা কার্যালয়
রংপুর বিভাগ, রংপুর

২৮/১০/২৫